

অতীব জরুরি

মাননীয় প্রধানমন্ত্রীর কর্মসূচী
সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

নম্বর ৫৮.০০.০০০০.০১২.৩২.০০৩.১৮.৫৪

তারিখ ২০ জুন ২০১৮ খ্রিঃ

সভার নোটিশ

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন উপলক্ষে সার্বিক প্রস্তুতি পর্যালোচনা সভা।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ১৩.৩৯.১৬.০০.০০.০৬.২০১৮-১৭৬ নং পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১০:০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন করবেন। উক্ত পরিদর্শন উপলক্ষে সার্বিক প্রস্তুতি পর্যালোচনার লক্ষ্যে জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৪-০৬-২০১৮ খ্রিঃ তারিখ (রবিবার) বেলা ০৩.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জরুরি সভা অনুষ্ঠিত হবে।

বর্ণিত সভায় যথাযথ প্রস্তুতি গ্রহণপূর্বক অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর বিগত পরিদর্শনসমূহের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি।
- ৩। মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি।
- ৪। অগ্রাধিকার ভিত্তিতে উপস্থাপনযোগ্য বিষয়াদি।
- ৫। অর্জিত সাফল্য; চ্যালেঞ্জ ও কর্মপরিকল্পনা
- ৬। বিবিধ

(মুহাম্মদ আবদুল হাই মিলটন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮ ০২-৪৭১২৪৩৩৭

ইমেইল: admin1@ssd.gov.bd

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১. অতিরিক্ত সচিব/অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (সংশ্লিষ্ট অধিদপ্তরের সাথে সমন্বয়ক্রমে প্রয়োজনীয় প্রস্তুতি নিশ্চিতকরণের অনুরোধসহ)
২. অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (প্রয়োজনীয় তথ্যাদি এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ অংশগ্রহণের অনুরোধসহ)
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
৪. যুগ্মসচিব/উপসচিব/উপপ্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫. উপসচিব (প্রশাসন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (আপ্যায়ন ও লজিস্টিক সাপোর্ট প্রদানের অনুরোধসহ)
৬. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
৭. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রেজেন্টেশন প্রস্তুতকরণসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ)।